

স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

বাংলা

(পুরাতন পাঠক্রম)

প্রথম সেমিস্টার

পত্র : ১০১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৮×৩=২৪

- ক) বাংলা সাহিত্যের আদিপর্বের নিশ্চিত নিদর্শনের কথা স্মরণে রেখে চর্যাপদের সাহিত্যমূল্য নিরূপণ করো।
- খ) বাংলা সাহিত্যের আদি-মধ্যযুগের বিভিন্ন ধারার পরিচয় দাও।
- গ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের বৈপ্রবিক ভূমিকার স্বরূপ বিশ্লেষণ করো।
- ঘ) মঙ্গলকাব্যের ধারায় ধর্মমঙ্গল কাব্যের স্বতন্ত্রতা বিচার করো।
- ঙ) 'বাউলেরা শাস্ত্রাচার ও লোকাচার মানেন না, মানেন শুধু রস ও ভাবের পথ। — অভিমতটি পর্যালোচনা করো।

[Turn over]

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগকে 'হিন্দু-বৌদ্ধ যুগ' বলা যায় কিনা বিচার করো।
- খ) বাংলা সাহিত্যে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির ভূমিকা নির্ণয় করো।
- গ) মনসামঙ্গল কাব্যের সমাজচিত্রের পরিচয় দাও।
- ঘ) সংক্ষেপে বৈষ্ণব পদাবলির সঙ্গে শাক্ত পদাবলির তুলনামূলক আলোচনা করো।

৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

- ক) উদাহরণসহ চর্যাপদের ভাষার দুটি বিশেষত্ব লেখো।
- খ) মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয় আর কী কী নামে পরিচিত?
- গ) সপ্তদশ শতাব্দীর পূর্বের দুজন মুসলমান কবির পরিচয় দাও।
- ঘ) ভারতচন্দ্রের উক্তি প্রবাদবাক্যে পরিণত হয়েছে অন্নদামঙ্গল কাব্যের এমন দুটি পংক্তির উল্লেখ করো।
- ঙ) কাঙাল হরিনাথ মজুমদারের পরিচয় দাও।